# প্রথম ৪০০ বছর যাবৎ খ্রীষ্ট ধর্মের প্রসার

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন H4b পাঠ করা উচিৎ।

১. **খ্রীষ্টধর্মের ইতিহাসের বিষয় আপনার দলকে শিক্ষাদানের জন্য প্রার্থনা এবং বাক্যের দ্বারা নিজেকে প্রস্তুত করুন।**

**প্রর্থনা ঃ** "প্রভু যীশু, পৃথিবীতে তুমি কি করছো তা ইতিহাস থেকে বুঝতে আমাদের সাহায্য কর।"

**টীকা ঃ** যীশু খ্রীষ্টের মৃত্যু এবং জীবনে উত্থিত হওয়ার পর ৪০০ বছর যাবৎ এশিয়া এবং ইউরোপের রোমীয় সাম্রাজ্যের বিভিন্ন শহর ও প্রদেশগুলোতে খ্রীষ্টীয় বিশ্বাস প্রসার লাভ করেছিল। প্রায়ই রোমীয় কর্তৃত্ব খ্রীষ্টানদের বিরোধীতা করতো এবং অসংখ্য খ্রীষ্টানদের হত্যা করেছিল। যাইহোক, যীশু যেভাবে বলেছিলেন, ঠিক সেইভাবেই যীশুর সুসমাচারের বিস্তার অব্যাহত ছিল।

**মথি ২৪ঃ১৪; ২৮ঃ১৮ এবং প্রেরিত ১ঃ৮ পদে খুঁজে দেখুন, যীশু তাঁর সুসমাচারের বিষয় কি বলেছিলেন?**

- কোন জাতি অথবা লোকেরা সুসমাচার শুনবেন? (মথি ২৪ঃ১৪)
- পৃথিবী শেষ হওয়ার পূর্বে অবশ্যই কি ঘটবে? (২৪ঃ১৪)
- আমাদের বিশ্বাসীদের অন্য জনগোষ্ঠীর কাছে প্রেরণের জন্য কার কর্তৃত্ব আছে? (২৮ঃ১৮)
- আমাদের কোথায় যেতে হবে এবং যীশুর নূতন অনুসরণকারী তৈরী করতে হবে? (২৮ঃ১৯)
- কতদিন পর্য্যন্ত সুসমাচার প্রসারিত হবে? (২৮ঃ২০)
- যীশু সাক্ষী হিসাবে আমাদের কোথায় যেতে বলেছিলেন? (প্রেরিত ১ঃ৮)

**প্রেরিত ৭ঃ৫৯ - ৮ঃ৫ পদে খুঁজে দেখুন, মিশনারী ছাড়া কিভাবে খ্রীষ্টধর্ম বিস্তার লাভ করেছিল ঃ**

- স্তিফানের মত কিছু খ্রীষ্টানদের প্রতি কি ঘটেছিল? (৭ঃ৫৯, ৬০)
- যিরূশালেমের উপাসক মণ্ডলীর প্রতি কি ঘটেছিল? (৮ঃ১)
- খ্রীষ্টানরা কোথায় গিয়েছিলেন? (১)
- গৃহমণ্ডলীর সদস্যদের প্রতি শৌল কি করেছিলেন? (৩)
- অন্যান্য শহরে খ্রীষ্টানগণ কি করেছিলেন? (৪ এবং ৫)

**টীকা ঃ** শৌল পরবর্তীকালে খ্রীষ্টান ও মিশনারী হয়েছিলেন, তাঁর নাম পরিবর্তিত হয়ে পৌল রাখা হয়েছিল। দুরকমের তাড়না ছিলঃ ঘৃণাযুক্ত ব্যক্তিত্বের দ্বারা খ্রীষ্টানদের বিরুদ্ধে অপরাধমূলক হিংস্রতা এবং যীশুকে প্রেম করার জন্য খ্রীষ্টানদের প্রতি বৈধ তাড়না।

**প্রেরিত ১৪ঃ২১-২৩ পদে খুঁজে দেখুন, কিভাবে মিশনারীরা খ্রীষ্টধর্ম প্রসার করেছিলেন ঃ**

- মিশনারীগণ কি ধরণের জায়গায় গিয়েছিলেন? (২১)
- এই শহরগুলোতে তারা কি করেছিলেন? (২২)
- তাদের প্রচারের বিষয় কি ছিল? (২৩)
- প্রতিটি শহরে তারা নূতন কি ধরণের সমাজে কাজ শুরু করেছিলেন? (২৩)
- কি ধরণের নেতৃবর্গ ঐ সকল নূতন সমাজের পরিচর্যা করেছিলেন? (২৩)

**রোমীয় ১৫ঃ১৮-২১ পদে খুঁজে দেখুন, পৌল তাঁর মিশনারী কাজের বিষয় কি লিখেছিলেন ঃ**

- খ্রীষ্টের প্রতি কারা বাধ্য হয়েছিলেন? (১৮)
- পৌলের কি কি কার্যকলাপ ছিল? (১৯)
- যিরূশালেম থেকে তিনি কোথায় গেছিলেন? (১৯)

- তিনি যাবার জন্য কি কি ধরণের স্থান খুঁজতেন ? (২০)
- অবহেলিত জনগোষ্ঠীর বিষয়ে ঈশ্বর কি প্রতিজ্ঞা করেছিলেন ? (২১)




রোমীয় সাম্রাজ্যের প্রতিটি অংশে সুসমাচার পরিব্যাপ্ত হয়েছিল। খ্রীষ্টানদের যখন বন্দী করে নিয়ে যাওয়া হত, তখন সেই সকল স্থানীয় অঞ্চলের লোকদের মধ্যেও ইহা ছড়িয়ে পড়তো। এমনকি অবিশ্বাসী কতৃপক্ষ কর্তৃক খ্রীষ্টানগণ তাড়িত হলেও, সাম্রাজ্যের অধিকাংশই খ্রীষ্টান হয়েছিলেন, কারণ ঃ

- খ্রীষ্টানগণ গর্ভপাতের বিরোধীতা করেছিল এবং মহিলাদের স্বাস্থ্য সুরক্ষা করছিল।
- খ্রীষ্টানগণ শিশু হত্যার বিরোধীতা করেছিল।
- খ্রীষ্টানগণ অসুস্থদের সেবা করেছিল এবং অসংখ্য লোকদের বেঁচে উঠতে সাহায্য করেছিল।
- খ্রীষ্টানগণ মহিলাদের সম্মানিত করেছিল, তাদেরকে সামাজিক মর্যাদা এবং সুরক্ষা দান করেছিল।
- খ্রীষ্টানগণ বিধবা এবং অনাথদের স্বাগতম্ জানিয়েছিল।
- খ্রীষ্টানগণ জাতিগত সংহতি প্রদান করেছিল, শহরের জনগনকে ঐক্যবদ্ধ করেছিল।
- বিবাহের বিষয়ে খ্রীষ্টানগণ বিশ্বস্ত থেকে ছিল, গর্ভধারণ ক্ষমতা এবং জীবনের মেয়াদ বৃদ্ধি করেছিল।
- খ্রীষ্টানগণ নূতন নিয়ম অনসরণ করেছিল, অনুগ্রহ এবং পবিত্র আত্মার দ্বারা জীবন যাপন করেছিল।

### উলফাস্ এবং গোথস্ ছহুপ্তন্ত্রবদ্ধক্রস্তু ব্ধড়ন্দ্ব গুসব্ধড়ন্দগ্ন

প্রথম চতুর্থ শতাব্দী নাগাদ অ-রোমীয় লোকেরা রোমীয় সাম্রাজ্যে বসবাস শুরু করেছিল। গোথের দস্যুরা এক রোমীয় যুবক উলফাস্কে বন্দী করেছিল এবং রোমানীয়ায় দানিয়ুব নদীর নিকটবর্ত্তী তাদের নিজস্ব এলাকায় নিয়ে এসেছিল। সেখানে এসে তিনি খ্রীষ্টান হয়েছিলেন। পরে গোথ্রা তাঁকে অধ্যয়ণ করার অনুমতি দিয়েছিলেন। তিনি তুরস্কের কনস্টানটিনোপল শহরের বিশপ পদে উৎসর্গিত হয়েছিলেন। উলফাস্ গোথে ফিরে গিয়ে তাদের জীবনধারা গ্রহণ করেছিলেন এবং ৪০ বছর যাবৎ তিনি তাদের মধ্যে সুসমাচার প্রসারিত করেছিলেন। তিনি গাড়ীতে করে এক শহর থেকে আরেক শহরে ভ্রমণ করতেন। ৩২৮ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পূর্বে তিনি গোথ্দের অক্ষর তৈরী করে দিয়েছিলেন এবং তাদের জন্য বাইবেলের অধিকাংশই অনুবাদ করেছিলেন। ৪১০ খ্রীষ্টাব্দে গোথরা যখন সমগ্র রোমীয় সাম্রাজ্যে বিস্তার লাভ করেছিল, তখন তাদের অধিকাংশই ছিল খ্রীষ্টান। এমনকি পাগানরা মন্তব্য করেছিল যে গোথরা অন্যদের সম্পত্তির প্রতি শ্রদ্ধা করেন এবং তাদের উচ্চ নৈতিক মানদণ্ড আছে।

### ৩১৩ খ্রীষ্টাব্দ

৩০০ খ্রীষ্টাব্দ নাগাদ সাম্রাজ্যে খ্রীষ্টানদের সংখ্যা এত বেশী হয়েছিল যে রোমীয় সরকার তাদের তাড়না করা বন্ধ করার বিষয় সিদ্ধান্ত নিয়েছিলেন। সম্রাট কনস্টানটাইনের সহিষ্ণুতার অনুশাসন জারির ফলে খ্রীষ্টধর্ম বৈধতা লাভ করেছিল। এর ফলে খ্রীষ্টধর্মের উপর মন্দ প্রভাব পড়েছিল ঃ


(কনস্টাইননের মূর্ত্তি)

- অসংখ্য অবিশ্বাসীরা মণ্ডলীতে যোগদান করেছিলেন, ফলে মণ্ডলী প্রাণহীন হয়ে পড়েছিল।
- খ্রীষ্টিয় সংস্কৃতির উপর রোমীয় সংস্কৃতি আরোপিত হয়েছিল।
- অ-রোমীয় দেশগুলো তাদের খ্রীষ্টানদের বিশ্বাসঘাতক রূপে সন্দেহ করতে শুরু করেছিল।
- বাপ্তিস্ম গ্রহনের জন্য অ-রোমীয়দের রোমীয় সংস্কৃতি গ্রহণের প্রয়োজন হত।
- মণ্ডলীর নেতৃবর্গ ঈশতত্ত্ব এবং রাজনৈতিক শক্তি নিয়ে তর্ক করতো।

**২. আগতঃ কার্যকলাপের বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

ভাগ ১ এর অধীনে প্রথম ৪০০ বছরের বিষয়ে এই বিভাগে যে কার্যকলাপের তালিকা দেওয়া হয়েছে তা একসঙ্গে পাঠ করুন। এই কার্যকলাপের মধ্যে থেকে একটি বা দুটি পছন্দ করুন এবং আপনি এবং বিশ্বাসীরা আপনাদের সমাজে কিভাবে এই কাজগুলো করবেন সেই বিষয়ে পরিকল্পনা করুন।

আপনি শিক্ষানবীশ পালকদের সঙ্গে সাক্ষাৎ করুন, যাদের আপনি এই অধ্যায়ণ থেকে প্রাচীন মণ্ডলীর ইতিহাস সম্পর্কে প্রশিক্ষণ ও শিক্ষা দেবেন অথবা তাদের প্রয়োজনীয় অন্য কোন বিষয় শিক্ষা দেবেন। ত্ববম্ব মেনু ব্যবহার করুন।

**৩. আসন্ন আরাধনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

বিশ্বানীদের ভাগ ১ এ উল্লেখিত শাস্ত্রাংশগুলো পাঠ করতে বলুন যেখানে বলা হয়েছে প্রেরিতগণ কিভাবে যীশুর সুসমাচার বিস্তার করেছিলেন এবং ব্যাখ্যা করুন যে ৪০০ বছরের খ্রীষ্টিয় ইতিহাসে বিশ্বাসীরা কিভাবে সুসমাচার সহভগিতা করেছিলেন।

- বিশ্বাসীরা কিভাবে সুসমাচার শিখেছিলেন সেই বিষয়ে সাক্ষ্য দিতে অলুন।
- শিশুরা যে নাটকটি প্রস্তুত করেছেন তা উপস্থাপন করতে দিন।
- প্রভুর ভোজের অনুষ্ঠান পালনের জন্য প্রকাশিত বাক্য ৩ঃ২০ পদ পাঠকরুন এবং 'দ্বারের' বিষয়টি ব্যাখ্যা করুন।
- মথি ২৪ঃ১৪ পদটি মুখস্থ করুন।
- পরস্পর পরিকল্পনা, প্রার্থনা এবং উৎসাহ দানের জন্য দু-তিনজনের ছোট ছোট দল তৈরী করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net